

নাম প্রত্যাহার সংক্রান্ত পিতামাতার চিঠি

নবম থেকে দ্বাদশ গ্রেডের সকল শিক্ষার্থীর পিতামাতার জন্য

প্রিয় পিতামাতা:

সামরিক বাহিনীর জন্যে সেনা সংগ্রাহক (রিক্রুটর) এবং উচ্চ শিক্ষার প্রতিষ্ঠান যারা 11 এবং 12 গ্রেডের হাই স্কুল শিক্ষার্থীদের তথ্য অর্থাৎ নাম, ঠিকানা এবং ফোন নম্বরের অনুরোধ জানাবে, ফেডারেল আইনের শর্ত অনুযায়ী নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশন (DOE) তাদেরকে এই তথ্য দিতে বাধ্য থাকবে, এর ব্যতিক্রম হবে শুধু ঐসব ক্ষেত্রে, যখন পিতামাতা অথবা শিক্ষার্থী এই তথ্য প্রকাশে DOE-কে **লিখিতভাবে** অসম্মতি জানিয়ে থাকে। যদিও আমাদের শিক্ষার্থীদের গোপনীয়তা রক্ষায় আমরা প্রতিশ্রুতিবদ্ধ, আমাদেরকে অবশ্যই আইন মেনেও চলতে হবে।

আপনি যদি এই তথ্য প্রকাশে সম্মত না থাকেন, আপনাকে অবশ্যই নিচের ফর্মটি পূরণ করে আপনার সন্তানের স্কুলে 23 অক্টোবর, 2020 তারিখের মধ্যে ফেরত দিতে হবে। এই তারিখের মধ্যে আপনি যদি ফর্ম ফেরত না দেন এবং আপনার সন্তান যদি 11তম অথবা 12তম গ্রেডের শিক্ষার্থী হয়, তাহলে অনুরোধ সাপেক্ষে আমরা আপনার সন্তানের তথ্য প্রকাশ করবো। তবুও, অনুগ্রহ করে জেনে রাখুন যে আপনি যদি এখন এই ফর্মটি ফেরত না দেন, আপনি আপনার সন্তানের স্কুল জীবনের **যেকোন সময়** তা করতে পারবেন এবং আপনার অসম্মতির অনুরোধ রক্ষা করা হবে। নবম (9) এবং দশম (10) গ্রেডের শিক্ষার্থীদের ক্ষেত্রে, এই অসম্মতির ফর্ম অগ্রিম পূরণ এবং সংরক্ষণ করা যাবে।

আরও তথ্য অথবা সহায়তার জন্য, অনুগ্রহ করে চ্যাটসেলরের প্রবিধান A-825 দেখুন অথবা আপনার স্কুলের সামরিক নিয়োগদান সম্পর্কিত লিয়াজোর সাথে যোগাযোগ করুন।

আপনার সহযোগিতার জন্য আপনাকে ধন্যবাদ।

বিনীত,

প্রিন্সিপ্যাল

নাম প্রত্যাহার সংক্রান্ত পিতামাতার ফর্ম

আপনি যদি আপনার সন্তানের তথ্য - নাম, ঠিকানা, এবং ফোন নাম্বার - সামরিক বাহিনীর জন্যে সেনা সংগ্রাহক (রিক্রুটর) এবং/অথবা উচ্চ শিক্ষা প্রতিষ্ঠান যারা এই তথ্যের জন্য অনুরোধ জানিয়েছে, তাদের কাছে প্রকাশে সম্মত না থাকেন, অনুগ্রহ করে নিচের অংশটি পূরণ করুন।

শিক্ষার্থীর শেষ নাম: _____

শিক্ষার্থীর প্রথম নাম: _____

শিক্ষার্থীর অফিশিয়াল ক্লাস: _____ স্কুলের নাম: _____

আমি অনুরোধ জানাচ্ছি যে, আমার সন্তানের নাম, ঠিকানা, এবং ফোন নাম্বার নিম্নলিখিতের সাথে যেন শেয়ার না করা হয়: (অনুগ্রহ করে যথাযথ বক্সে টিক চিহ্ন দিন)

- সামরিক বাহিনীর জন্যে সেনা সংগ্রাহক (রিক্রুটর)
 উচ্চ শিক্ষা প্রতিষ্ঠান
 সামরিক বাহিনীর জন্যে সেনা সংগ্রাহক (রিক্রুটর) এবং উচ্চ শিক্ষা প্রতিষ্ঠান উভয়ই

পিতামাতা/অভিভাবক: _____

ইংরেজি বড় অক্ষরে নাম

স্বাক্ষর

তারিখ

নাম প্রত্যাহার সংক্রান্ত শিক্ষার্থীর চিঠি

নবম থেকে দ্বাদশ গ্রেডের সকল শিক্ষার্থীর জন্য

প্রিয় শিক্ষার্থী:

সামরিক বাহিনীর জন্য সেনা সংগ্রাহক (রিক্রুটার) এবং উচ্চ শিক্ষার প্রতিষ্ঠান যারা 11 এবং 12 গ্রেডের হাই স্কুল শিক্ষার্থীদের তথ্য অর্থাৎ নাম, ঠিকানা এবং ফোন নম্বরের অনুরোধ জানাবে, ফেডারেল আইনের শর্ত অনুযায়ী নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশন (DOE) তাদেরকে এই তথ্য দিতে বাধ্য থাকবে, এর ব্যতিক্রম হবে শুধু ঐসব ক্ষেত্রে, যখন পিতামাতা অথবা শিক্ষার্থী এই তথ্য প্রকাশে DOE-কে **লিখিতভাবে** অসম্মতি জানিয়ে থাকে। যদিও আমাদের শিক্ষার্থীদের গোপনীয়তা রক্ষায় আমরা প্রতিশ্রুতিবদ্ধ, আমাদেরকে অবশ্যই আইন মেনেও চলতে হবে।

আপনি যদি তথ্য প্রকাশে সম্মত না থাকেন, আপনাকে অবশ্যই সংযুক্ত ফর্মটি পূরণ করে আপনার স্কুলে 23 অক্টোবর, 2020 তারিখের মধ্যে ফেরত দিতে হবে। এই তারিখের মধ্যে আপনি যদি ফর্ম ফেরত না দেন এবং আপনি যদি 11তম অথবা 12তম গ্রেডের শিক্ষার্থী হয়ে থাকেন, তাহলে অনুরোধ সাপেক্ষে আমরা আপনার তথ্য প্রকাশ করবো। তবুও, জেনে রাখুন যে আপনি যদি এখন এই ফর্মটি ফেরত না দেন, আপনি আপনার স্কুল জীবনের **যেকোন সময়** তা করতে পারবেন এবং আপনার অসম্মতির অনুরোধ রক্ষা করা হবে। নবম (9) এবং দশম (10) গ্রেডের শিক্ষার্থীদের ক্ষেত্রে, এই অসম্মতির ফর্ম অগ্রিম পূরণ এবং সংরক্ষণ করা যাবে।

আরও তথ্য অথবা সহায়তার জন্য, অনুগ্রহ করে চ্যাসেলরের প্রবিধান A-825 দেখুন অথবা আপনার স্কুলের সামরিক নিয়োগদান সম্পর্কিত লিঁয়াজোর সাথে যোগাযোগ করুন।

আপনার সহযোগিতার জন্য আপনাকে ধন্যবাদ।

বিনীত,

প্রিন্সিপ্যাল

শিক্ষার্থীর নাম প্রত্যাহারের ফর্ম

আপনি যদি আপনার তথ্য - নাম, ঠিকানা, এবং ফোন নাম্বার - সামরিক বাহিনীর জন্য সেনা সংগ্রাহক (রিক্রুটার) এবং/অথবা উচ্চ শিক্ষা প্রতিষ্ঠান যারা এই তথ্যের জন্য অনুরোধ জানিয়েছে, তাদের কাছে প্রকাশে সম্মত না থাকেন, অনুগ্রহ করে নিচের অংশটি পূরণ করুন।

শিক্ষার্থীর শেষ নাম: _____

শিক্ষার্থীর প্রথম নাম: _____

শিক্ষার্থীর অফিশিয়াল ক্লাস: _____ স্কুলের নাম: _____

আমি অনুরোধ জানাচ্ছি যে, আমার নাম, ঠিকানা, এবং ফোন নাম্বার যেন শেয়ার না করা হয়: (অনুগ্রহ করে যথাযথ বক্সে টিক চিহ্ন দিন)

- সামরিক বাহিনীর জন্য সেনা সংগ্রাহক (রিক্রুটার)
 উচ্চ শিক্ষা প্রতিষ্ঠান
 সামরিক বাহিনীর জন্য সেনা সংগ্রাহক (রিক্রুটার) এবং উচ্চ শিক্ষা প্রতিষ্ঠান উভয়ই

শিক্ষার্থী:

ইংরেজি বড় অক্ষরে নাম

স্বাক্ষর

তারিখ